

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 23 April, 2025

বিশ্ববাজারে প্রথমবারের মতো সোনার দাম আউন্স প্রতি ৩ হাজার ৫০০ ডলারে পৌঁছেছে। এর ফলে মঙ্গলবার (২২ এপ্রিল) সর্বকালের রেকর্ড উচ্চতায় উঠেছে সোনার দাম।

চলতি বছরের শুরু থেকে এখন পর্যন্ত সোনার দাম ৩০ শতাংশের বেশি বেড়েছে।

নিরাপদ বিনিয়োগ হিসেবে সোনাকে বেছে নেওয়ায় দামের এমন উর্ধ্বমুখী প্রবণতা বলে মনে করা হচ্ছে। মূলত মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বাণিজ্য যুদ্ধ এবং শেয়ার বাজারগুলোতে দরপতন হওয়ায় সোনায় বিনিয়োগ অনেকে বেড়েছে।

চীন ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য যুদ্ধের প্রভাব বিশ্বব্যাপী দেখা যেতে পারে বলে আশঙ্কা আছে। একইসঙ্গে সিংহভাগ অর্থনীতিবিদ মনে করেন এই প্রভাব অত্যন্ত নেতিবাচক হবে।

সোনা বিশ্ববাজার বাণিজ্য যুদ্ধ ডোনাল্ড ট্রাম্প